কালের কণ্ঠ

তারিখ .. 04 FEB 2016 ...
পৃষ্ঠা ...১৩... কলাম ...৬...

প্রাথমিকের পুল

# শিক্ষকদের নিয়োগের আগে নতুন বিজ্ঞপ্তি নয় : হাইকোর্ট

নিজস্ব প্রতিবেদক ▷

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে ২০১১ সালে উত্তীর্ণ পুল শিক্ষকদের স্থায়ী নিয়োগ দিতে সরকারকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে তাদের নিয়োগ প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত শিক্ষক নিয়োগে নতুন বিজ্ঞপ্তি প্রকাশ না করার নির্দেশ দেওয়া হয়েছে।

বিচারপতি তারিক উল হাকিম ও বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তীর হাইকোর্ট বেঞ্চ গতকাল বুধবার এক রায়ে এ নির্দেশ দেন। পুলভুক্ত প্রায় আড়াই হাজার শিক্ষকের করা ৭২টি রিট আবেদনের ওপর শুনানি শেষে এ রায় দেন হাইকোর্ট। রিট আবেদনকারী পক্ষে আইনজীবী ছিলেন ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম, অ্যাডভোকেট শেখ মোহাম্মদ মুরশেদ, অ্যাডভোকেট ছিদ্দিক উল্লাহ মিয়া ও মো. খায়রুল আলম। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করীম।

রায়ের পর অ্যাডভোকেট ছিদ্দিক উল্লাহ মিয়া সাংবাদিকদের বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের জন্য ২০১১ সালের আগস্ট মাসে বিজ্ঞপ্তি জারি করে সরকার। এ বিজ্ঞপ্তির বিপরীতে ১১ লাখ প্রার্থী আবেদন করেন। লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে ২০১২ সালের ১২ আগস্ট ২৭ হাজার ৭২০ প্রার্থী উত্তীর্ণ হন। এর মধ্যে ১২ হাজার ৭০১ জনকে নিয়োগ দেয় সরকার। অন্যদের পুল শিক্ষক হিসেবে সাত দিন থেকে ছয় মাসের জন্য কোটার মাধ্যমে নিয়োগ দেওয়া হয়। এ নিয়োগের শর্ত অনুযায়ী পুল শিক্ষকরা প্রতি মাসে ছয় হাজার টাকা সম্মানী ভাতা পেয়ে থাকেন। তবে তাঁদের কোনো ছুটি নেই এবং তাঁদের নিয়োগ সাময়িক।